গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

Phone & Fax : *+8802589932064* Mobile : 01321228700, 01740416817, E-mail : thakurgaon_govt_college@yahoo.com
Website : www.tgc.edu.bd, EIIN No : 129305, College code : Education board–8250, NU-3502

# বিজ্ঞপ্তি

তারিখ : ২১/০১/২০২৫ খ্রি.

ঠাকুরগাঁও সরকারি কলেজে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, **IFIC** ব্যাংক শিক্ষার্থীদের জন্য প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য ছাত্র-ছাত্রীদের আহ্বান জানানো যাচ্ছে। প্রতিযোগিতার শর্ত ও নিয়মাবলি নিম্নরূপঃ

| গ্রুপ | প্রবন্ধের বিষয় | জমাদানের শেষ তারিখ ও স্থান | শব্দ সীমা |
|---|---|---|---|
| **B** গ্রুপ (১৬-১৮ বছর)<br>**C** গ্রুপ (১৯-২৩ বছর) | ক) আপনার এলাকায় পানীয় জলের অবস্থা<br>অথবা,<br>খ) আপনার এলাকায় কঠিন বর্জ্য নিষ্কাশনের অবস্থা<br>অথবা,<br>গ) আপনার এলাকার বর্জ্য পানি এবং মানব বর্জ্য নিষ্কাশনের জন্য পয়ঃনিষ্কাশন ব্যবস্থা | ৩০ জানুয়ারি ২০২৫<br>বাংলা বিভাগ | হাতে লেখাঃ ২০০০ শব্দ<br>টাইপ করাঃ ৩০০০ শব্দ |

নিয়মাবলিঃ

১। লেখার মাধ্যম ইংরেজি অথবা বাংলা ভাষা, **A4** কাগজে।

২। কপি-পেস্ট লেখা বাঞ্চনীয় নয়।

৩। ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে আকর্ষণীয় নগদ অর্থ পুরস্কার দেওয়া হবে।

৪। প্রতিযোগিতার বিস্তারিত নিয়মাবলি সংযুক্ত পত্রে দ্রষ্টব্য।

৫। প্রয়োজনে যোগাযোগঃ জনাব মোঃ ইলিয়াছ হোসেন, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
ফোন নম্বরঃ ০১৭১৭-৮৬৬ ৮৯৬।

প্রতিস্বাক্ষর

২১/১/২৫

(প্রফেসর মোছাম্মৎ জিন্নাতুন নাহার-৫৯৪২)
অধ্যক্ষ
ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।

21/01/2025

(প্রফেসর মোহাম্মদ আলী মনসুর)
আহবায়ক
বার্ষিক সাহিত্য-সংস্কৃতি কমিটি ২০২৪-২৫
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

# অংশগ্রহণকারীদের জন্য নির্দেশিকা

IFIC ব্যাংক বাংলাদেশের সকল শিক্ষার্থীকে একটি প্রবন্ধ প্রতিযোগিতায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাচ্ছে, যা স্থানীয় পরিবেশগত ও অবকাঠামোগত সমস্যাগুলি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং এর সমাধানে নানা ধারণা উদ্ভাবনের উদ্দেশ্যে অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতাটি শিক্ষার্থীদের তাদের চিন্তাভাবনা তুলে ধরার এবং তাদের নিজ নিজ এলাকায় ইতিবাচক প্রভাব তৈরির একটি ব্যতিক্রমী প্ল্যাটফর্ম প্রদান করবে।

## যোগ্যতা:

এই প্রতিযোগিতা বাংলাদেশে নিম্নলিখিত বয়সের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত:

- গ্রুপ A: বয়স ১২-১৫
- গ্রুপ B: বয়স ১৬-১৮
- গ্রুপ C: বয়স ১৯-২৩

## প্রবন্ধের বিষয়:

নিম্নলিখিত যেকোনো একটি বিষয় প্রবন্ধের জন্য বেছে নিন:

- গ্রুপ A এর জন্য:

  A. আপনার এলাকার পানীয় জলের অবস্থা,

- গ্রুপ B এবং C এর জন্য:

  A. আপনার এলাকার পানীয় জলের অবস্থা, অথবা,
  B. আপনার এলাকার কঠিন বর্জ্য নিষ্কাশনের অবস্থা, অথবা,
  C. আপনার এলাকার বর্জ্য জল এবং মানুষের মলমূত্র নিষ্কাশনের জন্য পয়ঃনিষ্কাশন ব্যবস্থা।

# প্রবন্ধ রচনার বিস্তারিত বিষয়বস্তুঃ

## গ্রুপ – A এর জন্য বিষয়বস্তু:

- আপনার এলাকার পানীয় জলের অবস্থা

**১.প্রস্তাবনা**

- প্রবন্ধের সাধারণ পর্যালোচনা
- আপনার এলাকার স্থানীয় প্রতিবন্ধকতাগুলোর সারসংক্ষেপ

**২.সমস্যাগুলির বিস্তারিত মূল্যায়ন**

- পরিবেশগত মূল্যায়ন
- স্বাস্থ্যঝুঁকি
- অবকাঠামোগত সীমাবদ্ধতা
- প্রাসঙ্গিক তথ্য ও উপাত্ত
  - প্রাসঙ্গিক ছবি (ঐচ্ছিক)

**৩.সম্ভাব্য বাস্তবসম্মত সমাধানসমূহ**

- চিহ্নিত সমস্যার ভিত্তিতে সমাধানসমূহ

**৪.উপসংহার**

গ্রুপ – B এর জন্য বিষয়বস্তুঃ

যেকোন একটি বিষয় নির্বাচন করুন:

- আপনার অঞ্চলে পানীয় জল ব্যবস্থা, অথবা
- আপনার অঞ্চলে কঠিন বর্জ্য নিষ্পত্তি ব্যবস্থা, অথবা
- আপনার অঞ্চলে বর্জ্য পানি ও মানব বর্জ্য নিষ্পত্তির জন্য পয়ঃনিষ্কাশন ব্যবস্থা

**১. প্রস্তাবনা**

- প্রবন্ধের সাধারণ পর্যালোচনা
- আপনার এলাকার স্থানীয় প্রতিবন্ধকতাগুলোর সারসংক্ষেপ

**২.নির্বাচিত বিষয়গুলির জন্য যে বিষয়গুলো অন্তর্ভুক্ত করা প্রয়োজন:**

- **পানি সম্পর্কিত সমস্যা:**
  - পানি সংকট এবং অসম বন্টন
  - শিল্প, কৃষি এবং গৃহস্থালি বর্জ্যের কারণে পানিদূষণ।
- স্যানিটেশন **সম্পর্কিত সমস্যা:**
  - মৌলিক স্যানিটেশন সুবিধায় অভাব
  - অনিরাপদ মানব বর্জ্য
- **পয়ঃনিস্কাশন ব্যবস্থা সম্পর্কিত:**
  - অতিরিক্ত চাপ, পুরানো বা অপর্যাপ্ত অবকাঠামো।
  - নর্দমা উপচে পড়া এবং পানিদূষণ।

**৩.সমস্যাগুলির বিস্তারিত বিশ্লেষণ**

- **পরিবেশগত মূল্যায়ন:**
  - বাস্তুসংস্থানের ওপর দূষিত পানির প্রভাব, যেমন নদী, হ্রদ ও সামুদ্রিক জীববৈচিত্র
  - অযথাযথ বর্জ্য নিষ্কাশনর ফলে মাটির দূষণ
- **স্বাস্থ্য ঝুঁকি:**
  - দূষিত পানি এবং অনিরাপদ স্যানিটেশন সম্পর্কিত স্বাস্থ্যগত **ঝুঁকি**র সারসংক্ষেপ
- **সামাজিক-অর্থনৈতিক মূল্যায়ন:**
  - ক্ষুদ্র জাতিগোষ্ঠী এবং গ্রামীণ এলাকার উপর প্রভাব
  - স্থানীয় অর্থনীতি ও জীবিকার উপর প্রভাব, বিশেষ করে কৃষি এবং পর্যটন শিল্পে
- **অবকাঠামোগত সীমাবদ্ধতা**
- **প্রাসঙ্গিক তথ্য ও ডেটা**
  - প্রাসঙ্গিক ছবি
  - মানচিত্র এবং অবস্থান

## ৪.সম্ভাব্য বাস্তবসম্মত সমাধানসমূহ

- চিহ্নিত সমস্যাগুলির ভিত্তিতে সমাধান এবং প্রস্তাবিত সমাধান বাস্তবায়নে সম্ভাব্য খরচসহ বিশদ বিবরণ।

## ৫.উপসংহার

## গ্রুপ – C এর জন্য বিষয়বস্তু

**ধাপ ১: যেকোন একটি বিষয় নির্বাচন করুন**:

- আপনার অঞ্চলে পানীয় জল ব্যবস্থা, অথবা
- আপনার অঞ্চলে কঠিন বর্জ্য নিষ্পত্তি ব্যবস্থা, অথবা
- আপনার অঞ্চলে বর্জ্য পানি এবং মানব বর্জ্য নিষ্পত্তির জন্য পয়ঃনিষ্কাশন ব্যবস্থা

**ধাপ ২**: নির্বাচিত বিষয়ের উপর কাজ শুরু করার সাথে সাথে দুইটি কার্যক্রম একযোগে সম্পাদন করুন:

- আপনি যে অবস্থার বর্ণনা করবেন, সেসব সম্পর্কিত সমস্ত শব্দের একটি গ্লসারি প্রস্তুত করুন, যা একটি চলমান প্রক্রিয়া এবং পরিশোধন হয়ে আপনার প্রতিবেদনে অন্তর্ভুক্ত থাকবে।
- আপনার এলাকার ছবি তুলুন, মানচিত্র সংগ্রহ করুন এবং গুগল মানচিত্র বা স্যাটেলাইট ইমেজের মাধ্যমে স্কেচ তৈরি করুন, যা ওই নির্দিষ্ট বিষয়ে এলাকার অবস্থা সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদান করবে। এগুলোর মধ্যে যে ছবি বা মানচিত্র আপনার আলোচ্য বিষয়গুলির সঙ্গে সম্পর্কিত তা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করুন।

**ধাপ ৩**: প্রতিবেদন প্রস্তুত করণ

- প্রতিবেদনের জন্য একটি সাধারণ নির্দেশিকা প্রস্তুত করুন, কিছু প্রশ্নের মাধ্যমে যেমন: পরিস্থিতি কী, বর্তমান পরিস্থিতির কারণ (অবকাঠামো, সম্পদ, প্রতিষ্ঠান বা এলাকার অন্যান্য বৈশিষ্ট্য ইত্যাদি)?
- অগ্রাধিকারগুলো সাজান এবং সাম্প্রদায়িক পর্যায় কীভাবে আপনি এবং অন্যরা সমস্যার সমাধান করতে পারেন, তার প্রস্তাব দিন।
- মূলত, আপনি একটি বাস্তবসম্মত এবং সাম্প্রদায়িক পর্যায় ব্যবসায়িক পরিকল্পনা তৈরি করবেন যা সহজে বাস্তবায়নযোগ্য।

## প্রবন্ধ লিখার নিয়মঃ

**ভাষা**: ইংরেজি (বাঞ্ছনীয়) অথবা বাংলা।

**বিন্যাস:**

- টাইপ করা প্রবন্ধ:
  - ✓ শব্দসীমা: সর্বোচ্চ ৩০০০ শব্দ
  - ✓ ফন্ট: টাইমস নিউ রোমান
  - ✓ ফন্টের আকার: ১২
  - ✓ মার্জিন: ১ ইঞ্চি
- হাতে লেখা প্রবন্ধ:
  - ✓ শব্দসীমা: সর্বোচ্চ ২০০০ শব্দ
  - ✓ ফর্ম্যাট: A4 আকারের কাগজে হাতে লেখা
  - ✓ ফন্ট: স্পষ্ট ও পাঠযোগ্য হাতের লেখা
  - ✓ কালির রঙ: কালো বা নীল কালি
  - ✓ পৃষ্ঠা: সুন্দরভাবে বেঁধে বা স্ট্যাপলার করে জমা দিন
  - ✓ ছবির মুদ্রণ: আপনি হাতে লেখা জমা দেওয়ার সাথে প্রাসঙ্গিক ছবি সংযুক্ত করতে পারেন, তবে নিশ্চিত করতে হবে যে সেগুলি স্পষ্ট এবং সূত্র হিসেবে সহজে ব্যবহারযোগ্য

## জমাদানের পদ্ধতি

অংশগ্রহণকারীরা তাদের প্রবন্ধ জমা দেওয়ার জন্য নিম্নলিখিত যে কোনও পদ্ধতি নির্বাচন করতে পারেন:

1. অনলাইন জমাদান:
   - ✓ IFIC ব্যাংকের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে শেয়ার করা গুগল ফর্মের মাধ্যমে জমা দিন।
   - ✓ ফাইল ফরম্যাট: PDF (বাঞ্ছনীয়)/ মাইক্রোসফট ওয়ার্ড ডকুমেন্ট
   - ✓ সর্বাধিক ফাইল সাইজ: ১০ এমবি।
2. অফলাইন জমাদান:

- ✓ যে কোনও নিকটবর্তী IFIC ব্যাংক শাখা অথবা উপশাখায় জমা দিন।
- ✓ খামের উপর অবশ্যই লিখতে হবে:
  "IFIC EcoSolve", ক্যাটাগরি (গ্রুপ এ/বি/সি ), অংশগ্রহণকারীর নাম, বয়স, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, জেলা, প্রবন্ধের বিষয়বস্তু এবং ফোন নম্বর।

## বিচারের মানদণ্ড

নিম্নলিখিত দিকগুলির উপর ভিত্তি করে প্রবন্ধগুলি বিচার করা হবে:

a) বিষয়ের সাথে প্রাসঙ্গিকতা: স্থানীয় নির্ধারিত সমস্যাগুলোর প্রতি মনোযোগ রেখে প্রস্তাবিত সমাধানগুলির উপর পরিষ্কার ধারণা প্রদর্শন।
b) মৌলিকতা ও সৃজনশীলতা: স্থানীয় সমস্যা ও সমাধানের উপর নতুন, উদ্ভাবনী ধারণা এবং অনন্য দৃষ্টিভঙ্গির উপস্থাপনা, যা সৃজনশীল পন্থায় সমাধান করা সম্ভব।
c) গঠন ও সঙ্গতি: একটি সুসংগঠিত প্রবন্ধ, যা ধারণাগুলির যৌক্তিক প্রবাহ এবং বোধগম্যতা নিশ্চিত করে।
d) ভাষা ও ব্যাকরণ: উপযুক্ত শব্দভাণ্ডারের ব্যবহার, বানান, ব্যাকরণ এবং ভাষাগত দক্ষতার প্রতি পূর্ণ মনোযোগ।
e) সমাধানের ব্যবহারিকতা: প্রস্তাবিত সমাধানগুলির বাস্তবতা এবং উপযোগিতা যা কার্যকর এবং যুক্তিসঙ্গত।

## পুরস্কার

প্রতিটি গ্রুপ থেকে তিনজন বিজয়ী নির্বাচন করা হবে এবং তারা নিম্নলিখিত পুরস্কার পাবে: নগদ অর্থ, সনদপত্র এবং ক্রেস্ট। এছাড়াও প্রতিটি গ্রুপ থেকে নির্বাচিত ১ (এক) জন সম্মানসূচক সার্টিফিকেট এবং ক্রেস্ট পাবেন।

| | ১ম পুরস্কার (টাকা) | ২য় পুরস্কার (টাকা) | ৩য় পুরস্কার (টাকা) |
|---|---|---|---|
| গ্রুপ A | ১০০০০ | ৭০০০ | ৫০০০ |
| গ্রুপ B | ১৫০০০ | ১২০০০ | ১০০০০ |
| গ্রুপ C | ২০০০০ | ১৫০০০ | ১২০০০ |

## নিয়ম ও শর্তাবলী

♣ সকল প্রবন্ধ অবশ্যই মৌলিক এবং অপ্রকাশিত হতে হবে। প্লেজারাইজড বিষয়বস্তু, তথ্যের হেরফের অথবা যেকোনো ধরনের তদবির প্রতিযোগিতার অযোগ্যতা বলে বিবেচিত হবে।
♣ IFIC ব্যাংক তার প্রচারণার কাজে ,জমা দেওয়া প্রবন্ধগুলি প্রকাশ বা ব্যবহার করার অধিকার সংরক্ষণ করে।।
♣ একজন অংশগ্রহণকারী শুধুমাত্র একটি প্রবন্ধ জমা দিতে পারবেন।

## গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- জমাদানের শেষ তারিখ: ৩১.০১.২০২৫
- বিজয়ীদের নাম ঘোষণা : [পরবর্তিতে জানানো হবে]

## যোগাযোগের তথ্য

- প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো প্রশ্ন বা অনুসন্ধানের জন্য, অনুগ্রহ করে IFIC ব্যাংকের নিকটস্থ শাখা বা উপশাখায় যোগাযোগ করুন অথবা ই-মেইল করুন এই ঠিকানায়ঃ

ificecosolve@gmail.com

সকল অংশগ্রহণকারীদের প্রতি রইল শুভকামনা।